Total number of printed pages-2



# 2026
## (Regular)
## Bengali (Core)
## Paper Code : BN-CE-4224
### Paper Name : উনিশ শতকের বাংলা সাহিত্য পাঠ

*Time : 2½ hours* *Full Marks : 60*

*The figures in the margin indicate full marks for the questions.*

১। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×৭=৭

ক) শকুন্তলার জন্মদাতা পিতার নাম কী ?

খ) কন্বমুনির আশ্রম কোন নদীর তীরে অবস্থিত ছিল ?

গ) শকুন্তলা নবমাল্লিকার কী নাম রেখেছিলেন ?

ঘ) বাংলা ভাষায় লেখা প্রথম নারীর আত্মজীবনী গ্রন্থটির নাম কী ?

ঙ) বাসুসুন্দরী দেবীর বাড়ির গৃহদেবতার নাম কী ছিল ?

চ) প্রথমবার শ্বশুর বাড়ি গিয়ে রাসসুন্দরী কতদিন ছিলেন ?

ছ) কত বছর বয়সেরাসসুন্দরী দেবীর বিয়ে হয়েছিল ?

২। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

ক) 'বিকলাঙ্গের ন্যায় হইয়া থাকি, তাহা হইলেও যদি আজ বিশ্রাম করিতে পারি।'- তিনি কেন বিকলাঙ্গের মতো হয়ে থাকতে চান ?

খ) শকুন্তলা ও দুষ্মন্তের বিবাহ কোথায় হয়েছিল ? তারা যেভাবে বিবাহ করেন সেই বিবাহকে কী বলে ?

গ) রাসসুন্দরী দেবীর গ্রামের নাম কী ? সেই গ্রাম থেকে তাঁর শ্বশুরবাড়ির পথ কত দিনের ?

ঘ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডের প্রথম পরিচ্ছদের নাম কী ? পরিচ্ছদাটি

Contd...

কোন লেখকের ইংরাজি উক্তি দিয়ে শুরু হয়েছে ?

৩। *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থ অবলম্বনে শকুন্তলার জন্মবৃত্তান্ত বর্ণনা করো ।

খ) দুষ্মন্তের সঙ্গে শকুন্তলার প্রথম সাক্ষাৎ দৃশ্য নিজের ভাষায় লেখো ।

গ) রাসসুন্দরী দেবীর বাড়িতে আগুন লাগার ঘটনাটি বর্ণনা করো ।

ঘ) "আমি যেন ক'ত অমূল্য রত্নই প্রাপ্ত হইলাম অথবা আমার জন্ম ধন্য ; পরমেশ্বর আমার মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছেন ।" - প্রসঙ্গটির তাৎপর্য বিশ্লেষণ করো ।

ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের অধিকারী চরিত্রটির সম্পর্কে লেখো ।

চ) নবকুমারকে বিজনস্থানে যাত্রীরা পরিত্যাগ করে যাওয়ার পর তার কী অবস্থা হয়েছিল সংক্ষেপে লেখো ।

৪। *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক) 'শকুন্তলা' গ্রন্থ অবলম্বনে রাজাদুষ্মন্তের চরিত্র আলোচনা করো ।

খ) শকুন্তলার পতিগৃহে যাত্রার বর্ণনা দাও ।

গ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন' গ্রন্থ অবলম্বনে তাঁর বৈবাহিক জীবনের অভিজ্ঞতা বিস্তারিত ভাবে আলোচনা করো ।

ঘ) 'আমার জীবন' গ্রন্থটিকে যথার্থ আত্মজীবনী বলা যায় কিনা তোমার অভিমত ব্যক্ত করো ।

ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কপালিক চরিত্রটির গুরুত্ব আলোচনা করো ।

চ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে প্রকৃতির ভূমিকা নির্ণয় করো ।

■■■